

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ বাণিজ্য-১ অধিশাখা
www.mincom.gov.bd



স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১১১.৫৩.০২৪.২০.৪১১

তারিখ: ২০ অক্টোবর ২০২০

বিষয় : ডেল গ্লোবাল বি. (সিঙ্গাপুর ব্রাঞ্চ) এর নিকট হতে ওয়ারেন্টি রিপ্লেসমেন্ট হিসেবে এলসি ব্যতীত কম্পিউটার স্পেয়ারস এবং এক্সেসরিজ আমদানির অনুমতি প্রদান।

সূত্র: নিউটেক টেকনোলজি এর ১৭.০৮.২০২০ খ্রি. তারিখের পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিউটেক টেকনোলজি, হাউজ # ৭৭, রোড#৭, ব্লক#এইচ, বনানী, ঢাকা ১২১৩ এর অনুকূলে এলসি ব্যতীত ওয়ারেন্টি রিপ্লেসমেন্ট হিসেবে কম্পিউটার স্পেয়ারস এর সংযোজিত তালিকায় উল্লিখিত যন্ত্রাংশ (তালিকা সংযুক্ত) নিম্নলিখিত শর্তে আমদানি কাম রপ্তানির অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো:

শর্তাবলী:

- (ক) রিপ্লেসমেন্ট হিসেবে আমদানিতব্য যন্ত্রাংশের বিপরীতে বাংলাদেশের উৎস হতে কোন প্রকার বৈদেশিক মুদ্রা ব্যয় করা যাবে না;
- (খ) প্রতিস্থাপিত (Replaced) Parts সমূহের Stock সংরক্ষণ করতে হবে এবং সে সকল পার্টস বাংলাদেশের অভ্যন্তরে ব্যবহার করা যাবে না। পুরাতন পার্টস ফেরৎ পাঠানোর তথ্য প্রমাণাদি বাণিজ্য মন্ত্রণালয় এ দাখিল করতে হবে;
- (গ) আমদানিয় যন্ত্রাংশ অবশ্যই নতুন হতে হবে;
- (ঘ) আমদানিয় যন্ত্রাংশ প্রতিস্থাপন (Replacement) এর প্রমাণপত্র দাখিল করতে হবে;
- (ঙ) নিষিদ্ধ পণ্য আমদানি করা যাবে না এবং শর্তযুক্ত পণ্যের ক্ষেত্রে শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- (চ) আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর অনুচ্ছেদ ২৬(৫১) এর বর্ণিত বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে; এবং
- (ছ) সরকারের অন্যান্য কর্তৃপক্ষের যাবতীয় শর্তাবলী/বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

মোহাম্মদ আব্দুল আউয়াল
উপসচিব

ফোন: ৯৫৪০১৬০

ইমেইল: iit1@mincom.gov.bd

প্রধান নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর

জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন, লেভেল-১৫

৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১১১.৫৩.০২৪.২০.৪১১

তারিখ: ২০ অক্টোবর ২০২০

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে

- ১। মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ২। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। সিইও, নিউটেক টেকনোলজি, হাউজ # ৭৭, রোড#৭, ব্লক#এইচ, বনানী, ঢাকা ১২১৩
- ৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। অতিরিক্ত সচিব (আইআইটি) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬। অতিরিক্ত সচিব (আইআইটি-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

মোহাম্মদ আব্দুল আউয়াল
উপসচিব